শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

॥ উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন ,চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ,বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

সভার তারিখ : ২৫-০১-২০২৩ খ্রিঃ

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ,বিশ্বম্ভরপুর সুনামগঞ্জ ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগন কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় জানান তিনি নতুন যোগদান করেছেন। তিনি আরো জানান উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br><br>অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা জানান বিতর্কিত বক্তা দিয়ে যাতে ওয়াজ মাহফিল না করা হয় সে বিষয়টি নিশ্চিত করা এবং ওয়াজ মাহফিল/বিভিন্ন ওরশ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় প্রস্তাব করেন এবং এ বিষয়টি বহুল প্রচারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। | ০১। জুয়ার আড্ডা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>০২। ব্যবসায়ীদের উদ্দেশে গরু পরিবহন করার ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়ন গ্রহণ এবং চুরি বন্ধে গরু ব্যবসায়ীদেরকে নজরধারীর আওতায় আনয়নসহ কসাই কর্তৃক গরু জবাইয়ের সময় বিট অফিসারের উপস্থিতি নিশ্চিতকরনের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ জানান গাজীরগাঁও বড় মসজিদের ইমাম জনাব মাহমুদুল হাসান আরেপী সুনামগঞ্জী জুমার নামাজের খুতবায় সরকার বিরোধী উষ্কানীমূলক বক্তব্য প্রদান করে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন করেছে। বিষয়টি তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা'র দৃষ্টি আকর্ষণ করেন। | ০৩। গাজীরগাঁও বড় মসজিদের ইমাম জনাব মাহমুদুল হাসান আরেপী সুনামগঞ্জী কর্তৃক জুমার নামাজের খুতবায় সরকার বিরোধী উষ্কানীমূলক বক্তব্য প্রদান এবং সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন করার বিষয়টি তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা-কে অনুরোধ করা হয়।<br>০৪। উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ফরম পূরনপূর্বক অঙ্গিকারনামা প্রদানসহ পূর্বানুমতি গ্রহণ করে ওয়াজ মাহফিল ও বিভিন্ন ওরশ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত<br><br>(প্রকৌশল বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান।<br>তিনি আরো জানান মাছিমপুর,আমড়িয়া,রাজেন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষ বর্ধিতকরণ প্রকল্প অনুমোদন পাওয়া গেছে এবং ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের টেন্ডার কার্যক্রম চলমান।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান ঠিকাদার সাহেব উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ শুরু করেছেন।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপজেলা পরিষদ আবাসিক এলাকার করবী ভবনের নীচতলা পশ্চিম অংশ মেরামতের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র সিডিউল বিক্রি বাবদ মোট আয় হয়েছে =৩,৫৪,৬০০/- (তিন লক্ষ চুয়ান্ন হাজার ছয়শত টাকা)। উক্ত আয় হতে দৈনিক ভোরের কাগজ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ =৫৫,৮৯০/- (পঞ্চান্ন হাজার আটশত নব্বই টাকা),দৈনিক সুনামগঞ্জের খবর পত্রিকায় বিজ্ঞাপন বাবদ = ২০,৩৩২/- (বিশ হাজার তিনশত বত্রিশ টাকা),দরপত্র সিডিউল তৈরি বাবদ ব্যয়= ৪২,৭৭৮/-(বিয়াল্লিশ হাজার সাতশত আটাত্তর টাকা) টাকাসহ সর্বমোট= ১,১৯,০০০/- (এক লক্ষ উনিশ হাজার) টাকার ব্যয় বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় জানান শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য ইতিপূর্বে নির্ধারিত স্থানে অবস্থিত গোবিন্দনগর মন্দির ভাঙ্গার জন্য এবং ভাঙ্গা মন্দিরটি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি অর্থায়নে নির্মাণ করে দেয়ার গত আগস্ট-২০২২ মাসের মাসিক সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে ,উক্ত মন্দিরটি ভাঙ্গা হয়। তিনি ভাঙ্গা মন্দিরটি ২০২২-২৩ অর্থ বছরের উন্নয়ন তহবিলের অর্থায়নে নির্মাণ করে দেয়ার জন্য প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ ভবন সম্প্রসারণ এবং হলরুম নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের | ০১। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে অনুমোদিত প্রকল্পসমূহের ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কার্যক্রম দ্রুততর সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ আবাসিক এলাকার করবী ভবনের নীচতলা পশ্চিম অংশ মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র দরপত্র বিজ্ঞপ্তি নং: ০১/২০২২-২৩ এর দৈনিক ভোরের কাগজ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ =৫৫,৮৯০/- (পঞ্চান্ন হাজার আটশত নব্বই টাকা),দৈনিক সুনামগঞ্জের খবর পত্রিকায় বিজ্ঞাপন বাবদ = ২০,৩৩২/- (বিশ হাজার তিনশত বত্রিশ টাকা),দরপত্র সিডিউল তৈরি (আনুষাঙ্গিক) বাবদ ব্যয়= ৪২,৭৭৮/-(বিয়াল্লিশ হাজার সাতশত আটাত্তর টাকা) টাকাসহ সর্বমোট = ১,১৯,০০০/- (এক লক্ষ উনিশ হাজার) টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪২,৭৭৮/- টাকা বাদে অবশিষ্ট ৩,১১,৮২২/- টাকা জমাদান পূর্বক জমাকৃত অর্থ হতে পত্রিকার বিজ্ঞাপন ব্যয় বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। মাছিমপুর,আমড়িয়া,রাজেন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষ বর্ধিতকরণ প্রকল্প এবং ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৫। শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের সুবিধার্থে ইতিপূর্বে নির্ধারিত স্থানে অবস্থিত গোবিন্দনগর মন্দির ভাঙ্গার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; এবং ভাঙ্গা মন্দিরটি নির্মানে ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে আর্থিক সহযোগিতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার বিশ্বম্ভরপুর। |

| | | | |
|---|---|---|---|
| | জীবিত গাছের আনুমানিক বাজার মূল্য সম্পর্কিত রেঞ্জ বন কর্মকর্তা,সুনামগঞ্জ কর্তৃক দাখিলকৃত সরেজমিন প্রতিবেদনের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখার ১৫-০৮-২০০৭ তারিখের উপ-২/৪পি ১২৪/২০০৫/৩৮৪ নং পরিপত্রের মর্মমতে কর্তনযোগ্য গাছের পরিমান ও সরকারি নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণ সম্পর্কিত উপজেলা কমিটির সুপারিশের আলোকে অক্টোবর-২০২১ মাসের মাসিক সাধারণ সভায় বিভিন্ন প্রজাতির ৪৪ (চুয়াল্লিশ)টি জীবিত গাছ কর্তনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। উক্ত সিদ্ধান্তের আলোকে বিগত ১৩-০৯-২০২২ তারিখে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ৪৪টি গাছের সর্বোচ্চ দর ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকায় ইজারা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু বাস্তবতার আলোকে ৪৪টি গাছ কর্তন করা যাবেনা; ২৬টি গাছ কর্তন করা যাবে।<br>তিনি স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখার ১৫-০৮-২০০৭ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং পরিপত্রের মর্মমতে কর্তনযোগ্য গাছের পরিমান ও সরকারি নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণ সম্পর্কিত উপজেলা কমিটির সুপারিশের আলোকে রেঞ্জ বন কর্মকর্তা,সুনামগঞ্জ কর্তৃক দাখিলকৃত সরেজমিন প্রতিবেদনের ভিত্তিতে কর্তনযোগ্য বিভিন্ন প্রজাতির ২৬ (ছাব্বিশ)টি জীবিত গাছের আনুমানিক বাজার মূল্য ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকা অনুমোদন করার প্রস্তাব করেন। | ০৬। বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ ভবন সম্প্রসারণ এবং হলরুম নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের নিজস্ব মালিকানাধীন জায়গায় অবস্থিত কর্তনযোগ্য বিভিন্ন প্রজাতির ২৬ (ছাব্বিশ) টি জীবিত গাছের আনুমানিক বাজার মূল্য ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকা অনুমোদন করা হয়; এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান কোভিড-১৯ এর ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান চালু আছে। সংশ্লিষ্ট সকলকে টিকা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>তিনি বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনা ভাইরাস সাম্প্রতিক সময়ে তুলনামূলক বেড়ে যাওয়ায় সকলকে সতর্ক অবস্থায় চলাচল এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার অনুরোধ জানান।<br>তিনি আরো জানান হাসপাতালের অপারেশন থিয়েটারের চিকিৎসার সরঞ্জাম ক্রয় করা হয়েছে। শীঘ্রই অপারেশন কার্যক্রম চালু হবে। | ০১। কোভিড-১৯ এর ৪র্থ ডোজের টিকা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন করাসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। হাসপাতালের অপারেশন থিয়েটারের চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়; শীঘ্রই অপারেশন কার্যক্রম চালু করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, হাওর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধানের বীজ তলায় রোগ ও পোকা মাকড়ের প্রাদুর্ভাব নেই। মোট বীজতলা ৫২৫ হেক্টর। হাওরে বোরো ধান রোপন করা হয়েছে ৭০২৫ হেক্টর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধান রোপন কাজ চলমান। বীজ ও চারা'র স্বল্পতা নেই। চলতি রবি মৌসুমে তিল,কচু,পাট শাকসহ অন্যান্য শাকসবজি চাষ করা যাবে অনাবাদি জমিতে। উপজেলা পরিষদ হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা আর্থিক প্রণোদনা প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য | ০১। জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষে অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়; পরিকল্পনার অংশ হিসেবে অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা বিশ্বম্ভরপুর। |

| | | | |
|---|---|---|---|
| | জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি সভায় কৃষকের ফসল রোপনের সুবিধার্থে পলাশ ইউপির রংপুর খালে মিনি রাবারড্যাম নির্মানের প্রস্তাব করেন। | ০৩। চলতি রবি মৌসুমে অনাবাদি জমিতে তিল,কচু,পাট শাকসহ অন্যান্য শাকসবজি চাষ করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক প্রণোদনা বাবদ =৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। কৃষকের ফসল রোপনের সুবিধার্থে পলাশ ইউপির রংপুর খালে মিনি রাবারড্যাম নির্মানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণীসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ২৯,৯১৩ জন সক্ষম দম্পতি,পদ্ধতি গ্রহণকারী ২২,২৭৩ জন, হার ৭৪.৪৬%। খাবার বড়ি: ১১৭৭৬ জন,কনডম:১৯৬৯জন,আইইউডি:৮৪৯জন,ইমপ্লান্ট: ১২৪৪ জন, স্থায়ী পদ্ধতি: পুরুষ: ১২৫১জন,স্থায়ী পদ্ধতি: মহিলা: ২৩৫২জন।<br>তিনি উপজেলা পরিষদ তহবিল হতে ২৪টি বিপি ও স্টেথোমেশিন,৪টি ওজন মেশিন ও ৩০,০০০ হাজার পিস ক্যালসিয়াম ট্যাবলেট ক্রয়পূর্বক সরবরাহ করার জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী,অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পরিবার পরিকল্পনা পরিদর্শকের উপস্থিতি নিশ্চিত করনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ তহবিল হতে ২৪টি বিপি ও স্টেথোমেশিন,৪টি ওজন মেশিন ও ৩০,০০০ হাজার পিস ক্যালসিয়াম ট্যাবলেট ক্রয়পূর্বক সরবরাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে ২২.০০ মে: টন চাল ও ৪৪.০০ মে:টন গম,কাবিটা: ৩৩,০৮,৭৮৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। | ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে ২২.০০ মে: টন চাল ও ৪৪.০০ মে:টন গম,কাবিটা: ৩৩,০৮,৭৮৩ টাকা বিভাজন এবং প্রকল্প গ্রহণ নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান নতুন ৩৫ জন সহকারী শিক্ষক যোগদান করেছেন।<br>তিনি আরো জানান অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় পলাশ ইউপির পাকিজান এবং ফতেপুর ইউপির রাজেন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারনের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। পলাশ ইউপির পাকিজান এবং ফতেপুর ইউপির রাজেন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারনের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |
| উপজেলা মাধ্যমিক ও মাদ্রসা শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজকল্যান সংক্রান্ত ও উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা ও কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার সার্বিক কার্যক্রম চলমান;প্রতিবন্ধি ভাতা ও শিক্ষা উপবৃত্তি শতভাগ করা হয়েছে;প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ চলমান।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>তিনি আরো জানান মৃত,বয়সগত সমস্যা এবং তথ্য অসঙ্গতি দূর করার নিমিত্ত ভাতাভোগী প্রতিস্থাপন কাজ চলমান থাকায় দ্রুততম সময়ের মধ্যে প্রতিস্থাপন কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ০১। রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা এবং কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ কার্যক্রমটি নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। মৃত,বয়সগত সমস্যা এবং তথ্য অসঙ্গতি দূর করার নিমিত্ত ভাতাভোগী প্রতিস্থাপন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং চেয়ারম্যান,সকল ইউপিকে অনুরোধ করা হয়।<br>০৩। প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ; শিশু কল্যান বোর্ড ১০৯৮ হেল্প লাইন,সুদমুক্ত ক্ষুদ্র ঋণ,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন;রোগী কল্যান সমিতি এবং সমাজকল্যান পরিষদসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৪। সুদমুক্ত ক্ষুদ্র ঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপের স্থাপন কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপ স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব ও ক্রীড়া সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ভিডব্লিউবি কর্মসুচির আওতায় ২২৬৩জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেঃটন চালের ডিসেম্বর-২০২২ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান মাতৃত্বকালীন ভাতার নতুন নাম মা শিশু সহায়তা কর্মসূচী। মা শিশু সহায়তা কর্মসূচীর উপকারভোগী নির্বাচন,অনলাইন আবেদন, প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইক্রমে অনুমোদন সংক্রান্ত বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান,সচিব ও উদ্যোক্তাদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভার আয়োজন করা হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় নারীর প্রতি সহিংতা বন্ধ,বাল্য বিবাহ ও যৌতুক রোধ,মহিলাদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষে উঠান বৈঠক ও মহিলা সমাবেশ আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর উপকারভোগী নির্বাচন,অনলাইন আবেদন, প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইক্রমে অনুমোদন সংক্রান্ত বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান,সচিব ও উদ্যোক্তাদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। নারীর প্রতি সহিংতা বন্ধ,বাল্য বিবাহ ও যৌতুক রোধ,মহিলাদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষে উঠান বৈঠক ও মহিলা সমাবেশ আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত. | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ করা হচ্ছেনা। তিনি আরো জানান বিগত মাসে ২৭ লক্ষ | ০১। ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখা এবং আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ না করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক- | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | টাকা ঋণ আদায় এবং ২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>সভাপতি পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করেন। | কে অনুরোধ করা হয়।<br>০২। পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করণে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>বিশ্বম্ভরপুর<br>ও<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি উদ্যোক্তা |
| | বিবিধ | | |
| | ক. <u>উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানুয়ারি-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ =২,০৭,১৫৮/-(দুই লক্ষ সাত হাজার একশত আটান্ন) টাকা, অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানার বিদায় ও বরণ অনুষ্ঠান বিল বাবদ =১১,১০০/-(এগার হাজার একশত) টাকা,দিগন্ত আবাসিক ভবনের নতুন ০১টি পানির পাম্প ও ০১টি সিলিং ফ্যান ক্রয় এবং অন্যান্য ক্ষুদ্র মেরামত বিল বাবদ =১২,২০০/-(বারো হাজার দুইশত) টাকার ব্যয়িত বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য প্রস্তাব করেন।<br><br>খ. <u>উপজেলা প্রশাসনিক মাল্টিপারপাস সেন্টারে এমপিথিয়েটার নির্মাণ ও লাইট পোস্ট,গভীর,অগভীর ও সাব-মার্সিবল নলকূপ স্থাপন:</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান নভেম্বর-২০২২ মাসের সভার সিদ্ধান্তের আলোকে হিসাব নং: ৫২৯ এর অর্থায়নের মাধ্যমে উপজেলা প্রশাসনিক মাল্টিপারপাস সেন্টারে পিআইসি পদ্ধতিতে এমপিথিয়েটার নির্মাণ (৪ লক্ষ টাকায় মোট ২টি পিআইসি) ও লাইট পোস্ট স্থাপন (২ লক্ষ টাকায় মোট ১টি পিআইসি) করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় হিসাব নং: ৫২৯ এর অর্থায়নে গভীর,অগভীর ও সাব-মার্সিবল নলকূপ স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়: জানুয়ারি-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ =২,০৭,১৫৮/-(দুই লক্ষ সাত হাজার একশত আটান্ন) টাকা, অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানার বিদায় ও বরণ অনুষ্ঠান বিল বাবদ =১১,১০০/-(এগার হাজার একশত) টাকা,দিগন্ত আবাসিক ভবনের নতুন ০১টি পানির পাম্প ও ০১টি সিলিং ফ্যান ক্রয় এবং অন্যান্য ক্ষুদ্র মেরামত বিল বাবদ =১২,২০০/-(বারো হাজার দুইশত) টাকার ব্যয়িত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।<br><br>০২। হিসাব নং: ৫২৯ এর অর্থায়নের মাধ্যমে উপজেলা প্রশাসনিক মাল্টিপারপাস সেন্টারে পিআইসি পদ্ধতিতে এমপিথিয়েটার নির্মাণ (৪ লক্ষ টাকায় মোট ২টি পিআইসি) ও লাইট পোস্ট স্থাপন (২ লক্ষ টাকায় মোট ১টি পিআইসি) করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; এছাড়াও হিসাব নং: ৫২৯ এর অর্থায়নে গভীর,অগভীর ও সাব-মার্সিবল নলকূপ স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; এ বিষয়ে পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বিশ্বম্ভরপুর<br>ও<br>উপজেলা প্রকৌশলী |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০১/২৩

(মো: সফর উদ্দিন)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

মাসিক নিয়মিত সাধারণ সভা

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ০৩

তারিখ: ২৯-০১-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।

০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।

০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।

০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।

০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

০৮। উপজেলা............................................... কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

১১। জনাব.................................................................. ।

১২। অফিস কপি।

২৯/০১/২৩

(মো: সাদি উর রহিম জাদিদ)

উপজেলা নির্বাহী অফিসার

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২৫-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

পরিশিষ্ট 'ক'

| ক্রম: | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। |
| ২ | জনাব মাহফুজা আক্তার রীনা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। |
| ৩ | জনাব মো: তাজ্জত খান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, সলুকাবাদ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান, পলাশ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব মো: মিলন মিয়া, চেয়ারম্যান, ধনপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব এড: মো: হবাব মিয়া, চেয়ারম্যান, বাদাঘাট দ: ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রম: | নাম/পদবি |
|---|---|
| ১ | |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রম: | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সাদি উর রহিম জাদিদ, উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব ডা: আব্দুল্লা হেল মারুফ ফারুকী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মো: রুহুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মো: শফিকুল ইসলাম, পিআইও, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব মো: মাহবুবুল হাসান, উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব মৃদুল কান্তি সরকার, উপ: স: জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব সঞ্জীব দাস, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব মো: রুমান হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৯ | জনাব মো: আরিফ হাসান, এজিএম, পল্লী বিদ্যুত সমিতি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১০ | জনাব মো: নয়ন মিয়া উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১১ | জনাব মোহাম্মদ আবদুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১২ | জনাব মো: আব্দুল মান্নান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৩ | জনাব মো: ইকরামুল হোসেন, উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | জনাব ফাহমিদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মোহাম্মদ সাইফুল আলম, অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রম: | নাম/পদবি |
|---|---|
| ১ | বিআরডিবি কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব কৌশিক সরকার, উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | জনাব ডা: আ.ক.ম সালাহউদ্দিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব এসএম মাহবুবুর রশিদ, উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৭-০২-২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা-কে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত<br><br>(প্রকৌশল বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান।<br>তিনি আরো জানান রাহিমপুর,আমড়িয়া,রাজেন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষ বর্ধিতকরণ এবং ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের টেন্ডার কার্যক্রম ০২টি প্যাকেজে সম্পন্ন করা হয়েছে।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় জানান গুলগাও-তেলিকোনা-মৌয়াকুড়া রাস্তার প্যালাসাইডিং ধরা আছে ২৫১ মিটার। উক্ত রাস্তাটির ওয়াশ আউট হয়ে গেছে। অবশিষ্ট ১৬ মিটার প্যালাসাইডিং ও মাটি ভরাট করলে রাস্তাটি চলাচলের উপযোগি হবে। | ০১। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে অনুমোদিত প্রকল্পসমূহের ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কার্যক্রম দ্রুততর সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ রাজস্ব/উন্নয়ন তহবিলের অর্থায়নে গুলগাও-তেলিকোনা-মৌয়াকুড়া রাস্তার অবশিষ্ট ১৬ মিটার প্যালাসাইডিং ও মাটি ভরাট করে রাস্তাটি চলাচলের উপযোগি করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার বিশ্বম্ভরপুর। |

| | | |
|---|---|---|
| | সভাপতি সভায় রঙ্গিয়ারচর-সাতগাও স্কুল রাস্তা এবং সংগ্রামপুর পয়েন্ট হতে সংগ্রামপুর গ্রামের রাস্তায় ১টি কালভার্টসহ রাস্তা মেরামত এবং রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়ালের ভিমের নীচে ৩ ফুট ইটের গাতনী দেয়ার বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা প্রকৌশলী জানান রঙ্গিয়ারচর-সাতগাও স্কুল রাস্তার টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান বিগত ২৫-০১-২০২৩ তারিখে উপজেলা পরিষদের অনুষ্ঠিত সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপজেলা পরিষদের নিজস্ব মালিকানাধীন বিভিন্ন প্রজাতির ২৬টি জীবিত গাছের অনুমোদিত বাজার মূল্য ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকার বিপরীতে ০২-০২-২০২৩ তারিখের ১৭৯(২৫) নং স্মারকমূলে প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির আলোকে উপজেলা সরকারি গাছ নিলাম বিক্রয় কমিটির ১২-০২-২০২৩ তারিখের অনুষ্ঠিত সভার সুপারিশকৃত সর্বোচ্চ নিলাম ডাককারী জনাব নিকলেশ দেবনাথ,পিতাঃ মৃত নরেশ দেবনাথ গ্রামঃ পত্মনগর ইউপিঃ পলাশ উপজেলাঃ বিশ্বম্ভরপুর জেলাঃ সুনামগঞ্জ কর্তৃক প্রদত্ত ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকার নিলাম ডাক অনুমোদন বিষয়ে সভায় প্রস্তাব করেন। উপজেলা সরকারি গাছ নিলাম বিক্রয় কমিটির প্রস্তাবাকারে সুপারিশকৃত ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকার নিলাম ডাক অনুমোদনের জন্য সভায় সকল সদস্য একমত পোষন করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা প্রশাসনিক মাল্টিপারপাস সেন্টারে আরসিসি,সিসি ক্যামেরা,সৌন্দর্যবর্ধন,ফোয়ারা,মাটি ভরাট করার প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদের কবরী ২য় তলা পূর্ব ও পশ্চিম পার্শ্বের প্রয়োজনীয় মেরামত বাবদ পৃথক পৃথক ভাউচারে সর্বমোট = ৪৯,৯২৯/- (উনপঞ্চাশ হাজার নয়শত উনত্রিশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় হাট বাজার তহবিল ১৫% অর্থায়নে বাগমারা নতুন বাজারে ওয়াকওয়ে নির্মাণ এবং বিশ্বম্ভরপুর বাজার রাস্তা পাকাকরন করার প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় হাজী মজিদ উল্লাহ উচ্চ বিদ্যালয়ের গোলপোস্ট নির্মাণের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় কারেন্টের বাজার হতে বিন্নাখুলী ভায়া বসন্তপুর বাজার (বিশ্বম্ভরপুর অংশ) রাস্তাটি সওজ সুনামগঞ্জ এর আওতাধীন। উক্ত রাস্তাটি দীর্ঘদিন যাবৎ পরিত্যাক্ত অবস্থায় আছে। উক্ত রাস্তাটি সওজ সুনামগঞ্জ হতে এলজিইডি সুনামগঞ্জ এর নিকট হস্তান্তর এবং উন্নয়ন করে চলাচল উপযোগী করার জন্য সভায় প্রস্তাব করেন। | ০৩। রঙ্গিয়ারচর-সাতগাও স্কুল রাস্তার টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করাসহ সংগ্রামপুর পয়েন্ট হতে সংগ্রামপুর গ্রামের রাস্তায় ১টি কালভার্টসহ রাস্তা মেরামত এবং রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়ালের ভিমের নীচে ৩ ফুট ইটের গাতনী দেয়ার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। বিবিধ তহবিলের অর্থায়নে (কোড নং ৮১১০১১০ হতে বিবিধ তহবিলে স্থানান্তরিত অর্থায়নে)৫ লক্ষ টাকা ব্যয়ে আরএফকিউ পদ্ধতিতে উপজেলা প্রশাসনিকমাল্টিপারপাসসেন্টারেআরসিসি,সিসিক্যামেরা,সৌন্দর্যবর্ধন এবং ৪লক্ষ (২লক্ষ টাকা করে ২টি পিআইসি) টাকা ব্যয়ে পিআইসি পদ্ধতিতে সেলুন নির্মাণ ও মাটি ভরাট এবং হিসাব নংঃ ৫২৯ এর অর্থায়নে ৩লক্ষ (২লক্ষ টাকায় ১টি, ১লক্ষ টাকায় ১টি পিআইসি) টাকা ব্যয়ে পিআইসি পদ্ধতিতে মাটি ভরাট ও ফোয়ারা নির্মান করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৫। উপজেলা পরিষদের কবরী ২য় তলা পূর্ব ও পশ্চিম পার্শ্বের প্রয়োজনীয় মেরামত বাবদ পৃথক পৃথক ভাউচারে সর্বমোট = ৪৯,৯২৯/- (উনপঞ্চাশ হাজার নয়শত উনত্রিশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৬। উপজেলা পরিষদের নিজস্ব মালিকানাধীন বিভিন্ন প্রজাতির ২৬(ছাব্বিশ) টি গাছের সর্বোচ্চ নিলাম ডাককারীর প্রদত্ত ১,৩৬,০০০/- (এক লক্ষ ছত্রিশ হাজার) টাকার নিলাম মূল্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ব্যপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৭। হাট বাজার তহবিল ১৫% অর্থায়নে বাগমারা নতুন বাজারে ওয়াকওয়ে নির্মাণ (২লক্ষ টাকার ১টি পিআইসি) এবং বিশ্বম্ভরপুর বাজার রাস্তা পাকাকরন (২লক্ষ টাকার ১টি পিআইসি) করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ব্যপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৮। উপজেলা পরিষদ রাজস্ব/উন্নয়ন তহবিলের অর্থায়নে হাজী মজিদ উল্লাহ উচ্চ বিদ্যালয়ের গোলপোস্ট নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৯। কারেন্টের বাজার হতে বিন্নাখুলী ভায়া বসন্তপুর বাজার (বিশ্বম্ভরপুর অংশ) রাস্তাটি সওজ সুনামগঞ্জ হতে এলজিইডি সুনামগঞ্জ এর নিকট হস্তান্তর এবং উন্নয়ন করে জন/যান চলাচল |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী সভায় বিশ্বম্ভরপুর বাজার হতে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন পর্যন্ত রাস্তা মেরামত করার প্রস্তাব করেন। | জেলা প্রশাসক,সুনামগঞ্জ এবং নির্বাহী প্রকৌশলী,সওজ ও এলজিইডি সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>১০। বিশ্বম্ভরপুর বাজার হতে উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন পর্যন্ত রাস্তা মেরামত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান কোভিড-১৯ এর ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান চালু আছে। সংশ্লিষ্ট সকলকে টিকা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো জানান হাসপাতালের অপারেশন থিয়েটারে সিজারিয়ান অপারেশন চালু হয়েছে; জেনালে সার্জারী প্রক্রিয়াধীন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারীভাবে একটি ফিল্ড এম্বুলেন্স বরাদ্দ পাওয়া গেছে। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না থাকায় উপজেলা পরিষদ ও সকল ইউনিয়ন পরিষদের যৌথ উদ্যোগে ১জন চালক নিয়োগ এবং তার বেতন ভাতা প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। উল্লেখ্য যে, এমএনএইচআই প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় উক্ত প্রকল্পের অধীন নিয়োগপ্রাপ্ত এম্বুলেন্স চালক জনাব ক্ষীরোদ কুমার হাজং-কে মার্চ-২০২২ হতে মে-২০২২ মোট ০৩ মাস উপজেলা পরিষদ হতে মাসিক ৯০০০/- টাকা করে বেতন ভাতা প্রদান করা হয়েছিল। | ০১। কোভিড-১৯ এর ৪র্থ ডোজের টিকা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন করাসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। হাসপাতালের অপারেশন থিয়েটারের চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়; অপারেশন কার্যক্রম নিয়মিতভাবে চালু রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না হওয়া পর্যন্ত ফিল্ড এম্বুলেন্সের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনাব ক্ষীরোদ কুমার হাজং-কে ফিল্ড এম্বুলেন্স চালক হিসেবে আপাতত ০৩ মাস (মার্চ-২০২৩,এপ্রিল-২০২৩,মে-২০২৩) পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মাসিক =৯০০০/- টাকা মজুরী নির্ধারণপূর্বক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়; ০১/০৬/২০২৩ হতে সকল ইউনিয়ন পরিষদ হতে = ২০০০/- টাকা করে (২০০০/-*৫ইউনিয়ন) সর্বমোট = ১০,০০০/- টাকা মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; এ বিষয়ে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিববৃন্দকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, হাওর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধানের বীজ তলায় রোগ ও পোকা মাকড়ের প্রাদুর্ভাব নেই। মোট বীজতলা ৫২৫ হেক্টর। হাওরে বোরো ধান রোপন করা হয়েছে ৭০২৫ হেক্টর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধান রোপন ৩০৫৫ হেক্টর। বীজ ও চারা'র স্বল্পতা নেই। চলতি রবি মৌসুমে তিল,কচু,পাট শাকসহ অন্যান্য শাকসবজি চাষ করা যাবে অনাবাদি জমিতে। উপজেলা পরিষদ হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা আর্থিক প্রণোদনা প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় মধ্যস্বত্ত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং কৃষকদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | ০১। জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষে অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়; পরিকল্পনার অংশ হিসেবে অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। চলতি রবি মৌসুমে অনাবাদি জমিতে তিল,কচু,পাট শাকসহ অন্যান্য শাকসবজি চাষ করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক প্রণোদনা বাবদ =৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। মধ্যস্বত্ত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং কৃষকদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক/সোনালী ব্যাংক | উপজেলা কৃষি কর্মকর্তা বিশ্বম্ভরপুর। |

| | | | |
|---|---|---|---|
| | | লিমিটেড-কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম চলমান। মৎস্য আইন বাস্তবায়নে অভিযান চলমান রয়েছে। সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্স মৎস্য প্রযুক্তি সরবরাহের মাধ্যমে মৎস্যজীবিদের নতুন মৎস্য প্রযুক্তি সরবরাহ চলমান।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় মধ্যস্বত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং মৎস্য খামারীদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | ০১। মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম ,মৎস্য আইন বাস্তবায়নে অভিযান পরিচালনা,সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্স মৎস্য প্রযুক্তি সরবরাহ কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়।<br>০২। মধ্যস্বত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং মৎস্যজীবিদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড-কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান গত ২৫-০৩-২০২৩ তারিখে পলাশ উচ্চ বিদ্যালয় মাঠে প্রানীসম্পদ প্রদর্শনী-২০২৩ সুষ্ঠুভাবে আয়োজন করা হয়েছে।<br>তিনি আরো জানান উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে বিভিন্ন প্রজাতীর গবাদি প্রানীর চিকিৎসা করানো হয়। দপ্তরের সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় মধ্যস্বত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং খামারীদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | ০১। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। মধ্যস্বত্বভোগী কর্তৃক হয়রানী বন্ধ এবং প্রকৃত খামারীদের ব্যাংক ঋণ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড-কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী |
| উপজেলা পরিবার পরিকল্পনা সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ২৯,৯৭৭ জন সক্ষম দম্পতি,পদ্ধতি গ্রহণকারী ২৩,১১৩ জন, হার ৭৭.১০%। তিনি আরো জানান নবদম্পত্তিদের জন্য ইনফরমেশন বক্স প্রদান চালু হয়েছে।<br>তিনি উপজেলা পরিষদ তহবিল হতে ২৪টি বিপি ও স্টেথোমেশিন,৪টি ওজন মেশিন ও ৩০,০০০ হাজার পিস ক্যালসিয়াম ট্যাবলেট ক্রয়পূর্বক সরবরাহ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,ফতেপুর ইউপি সভায় প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা নিশ্চিত করণের লক্ষ্যে নৌ-এম্বুলেন্স এর কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নৌ-এম্বুলেন্স চালককে প্রতিদিন ফতেপুর স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের সম্মুখে অবস্থান করার জন্য প্রস্তাব করেন। | ০১। মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী,অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পরিবার পরিকল্পনা পরিদর্শকের উপস্থিতি নিশ্চিত করনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ তহবিল হতে ২৪টি বিপি ও স্টেথোমেশিন,৪টি ওজন মেশিন ও ৩০,০০০ হাজার পিস ক্যালসিয়াম ট্যাবলেট ক্রয়পূর্বক সরবরাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা নিশ্চিত করণের লক্ষ্যে নৌ-এম্বুলেন্স এর কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নৌ-এম্বুলেন্স চালককে প্রতিদিন ফতেপুর স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের সম্মুখে অবস্থান করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিষ্ণুপুর ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| "উপজেলা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, | ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র | উপজেলা প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| ব্যবস্থাপনা বিভাগ | ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্পের কাজ চলমান। | নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান নতুন ৩৫ জন সহকারী শিক্ষক যোগদান করেছেন মোট শিক্ষক ৪৪০জন; বিগত ২৬-০২-২০২৩ তারিখে উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৩ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো জানান অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে প্রস্তাব করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা মাধ্যমিক ও মাদ্রসা শিক্ষা সংক্রান্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজকল্যান সংক্রান্ত<br>ও<br>উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা ও কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার সার্বিক কার্যক্রম চলমান;প্রতিবন্ধি ভাতা ও শিক্ষা উপবৃত্তি শতভাগ করা হয়েছে;প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ চলমান।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋন এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>তিনি আরো জানান মৃত,বয়সগত সমস্যা এবং তথ্য অসঙ্গতি দূর করার নিমিত্ত ভাতাভোগী ৬৩৬ জনের প্রতিস্থাপন কাজ সম্পন্ন হয়েছে এবং ১১৯ জনের অগ্রাধীকার তালিকা প্রণয়ন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতার আওতায় অতিরিক্ত বরাদ্দ সাপেক্ষে ৫৬১ জনের তালিকা প্রণয়ন করা হয়; এবং অনলাইনে আবেদনকৃত বাকীদের অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হয়েছে। | ০১। রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা এবং কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ কার্যক্রমটি নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। মৃত,বয়সগত সমস্যা এবং তথ্য অসঙ্গতি দূর করার নিমিত্ত ৬৩৬ জনের প্রতিস্থাপন তালিকা এবং ১১৯ জনের অগ্রাধীকার তালিকাভুক্তদের বিষয়ে নীতিমালা মোতাবেক কার্যক্রম গ্রহণ ও ২০২২-২৩ অর্থ বছরে অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতার আওতায় অতিরিক্ত বরাদ্দ সাপেক্ষে ৫৬১ জনের তালিকা এবং অনলাইনে আবেদনকৃত অপেক্ষমান তালিকাভুক্তদের বিষয়ে নীতিমালা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ; শিশু কল্যান বোর্ড ১০৯৮ হেল্প লাইন,সুদমুক্ত ক্ষুদ্র ঋণ,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন;রোগী কল্যান সমিতি এবং সমাজকল্যান পরিষদসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৪। সুদমুক্ত ক্ষুদ্র ঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপের স্থাপন কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপ স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব ও ক্রীড়া সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ করা হচ্ছেনা। তিনি আরো জানান বিগত মাসে ৩০ লক্ষ টাকা ঋণ আদায় এবং ২৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>সভাপতি পল্লী সঞ্চয় ব্যাংকের ঋন বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করেন। | ০১। ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখা এবং আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ না করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর<br>ও<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি উদ্যোক্তা |
| হাটবাজার ও নৌকাঘাট/ফেরী ঘাটসমূহ ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত | * উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাটবাজারসমূহ ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত 'উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি'র ০২-০২-২০২৩ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন: | | |

| ক্রমঃ | বাজারের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমান |
|---|---|---|---|---|
| ০১. | পলাশ বাজার | ১,১৭,১৭৬/- | জনাব মো: মাসুম<br>পিতা মৃত:করম আলী<br>গ্রাম: মাছাইর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২,৭১,৬০০/- |
| ০২. | বিশ্বম্ভরপুর বাজার | ১৬,৪০,৮৬৬/- | জনাব কয়েছ মিয়া<br>পিতা: কামাল উদ্দিন<br>গ্রাম: বাদাগাঁও<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ১৮,৭৭,৯৩২/- |
| ০৩. | ধনপুর বাজার | ১,৩৪,৯৭৩/- | জনাব মো: খালেদ মাহমুদ তালুকদার<br>পিতা: মকবুল হোসেন তালুকদার<br>গ্রাম:চিনাকান্দি<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ১,৬৫,৫০০/- |
| ০৪. | মুক্তারপুর বাজার | ১৬,৩২৪/- | জনাব শংকর দাশ<br>পিতামৃত: জগদানন্দ দাশ<br>গ্রাম:কাটিপাড়া<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২৬,৫০০/- |
| ০৫. | জগন্নাথপুর বাজার | ৩০০০/- | জনাব মো: আব্দুল মালেক<br>পিতামৃত: আব্দুল কাদির<br>গ্রাম:কৌলারপাড়<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ৩২০০/- |
| ০৬. | মধুরকান্দি বাজার | ১৭,১৩৭/- | জনাব মো: রফিকুল ইসলাম<br>পিতা: মৃত ইসমাইল<br>গ্রাম: বাঘবেড়<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ৪০,০০০/- |
| ০৭. | কারেন্টের বাজার | ২৪,৫০,৭২০/- | জনাব মো: এমদাদুল হক<br>পিতা: মো: দুলাল মিয়া<br>গ্রাম: কাহিরগাতি<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২৬,০০০০০/- |
| ০৮. | জিনারপুর বাজার | ৩৩,০০০/- | জনাব মো: রুহুল আমিন<br>পিতা: মৃত মো: আ: হামিদ<br>গ্রাম: জিনারপুর | = ২,২০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | মাহিমপুর বাজার | ২০০০/- | জনাব মো: লাল মিয়া<br>পিতা: মৃত আব্দুল কাদির<br>গ্রাম: মাহিমপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২১০০/- |
| ১০. | ভাসেরটেক বাজার | ২০০০/- | জনাব মো: রফিকুল ইসলাম<br>পিতা: মৃত ইসমাইল<br>গ্রাম: বাঘবেড়<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২৫০০/- |
| ১১. | মৌয়াকুড়া বাজার | ২০০০/- | জনাব মোহাম্মদ আলী<br>পিতা: মৃত মহরম আলী<br>গ্রাম: মৌয়াকুড়া<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | = ২১০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে বর্ণিত বাজারসমূহ ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

*উপজেলা নির্বাহী অফিসার সভায় বিশ্বম্ভরপুর উপজেলাধীন নৌকাঘাট/ফেরীঘাটসমূহ ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত 'উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি'র ০৭-০২-২০২৩ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন:

| ক্রম: | নৌকাঘাটের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১. | বিশ্বম্ভরপুর বাজার নৌকাঘাট | ১,৪৩,০০০/- | জনাব মো: সামসু উদ্দিন<br>পিতা: মৃত হাজী সিদ্দিক আলী<br>গ্রাম: রাধানগর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা:সুনামগঞ্জ | = ১,৪৪,৫০০/- |
| ০২. | বিশ্বম্ভরপুর খাশ নগর নৌকাঘাট | ৩৮৫০/- | জনাব মো: জাহাঙ্গীর আলম<br>পিতা: মৃত আ: হোবান<br>গ্রাম: শ্রীধরপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা:সুনামগঞ্জ | = ৩৫০০/- |
| ০৩. | ডলুরা নৌকাঘাট | ১৪,৩০০/- | জনাব মো: নাসির উদ্দিন<br>পিতা: মৃত মীর হোসেন<br>গ্রাম: মধুরকান্দি<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা:সুনামগঞ্জ | = ১,০১,৫০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে বর্ণিত নৌকাঘাটসমূহ সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ

| | | |
|---|---|---|
| ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার সভায় (ক) ফেব্রুয়ারি-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ =২,১৫,৪৫৮/-(দুই লক্ষ পনের হাজার চারশত আটান্ন) টাকার বিল অনুমোদন, (খ) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত জনতা বাজার ক্ষুদ্র দোকান মালিক জনাব কৃপেশ চন্দ্র দাশ পিতা: নৃপেন্দ্র দাশ গ্রাম: লালারগাও,ইউপি: পলাশ, জনাব হরেন্দ্র কুমার দাশ পিতা: হরিচরন দাশ গ্রাম: গোবিন্দ্র নগর,ইউপি: পলাশ, জনাব রুপেন্দ্র দেবনাথ পিতা: রামচন্দ্র দেবনাথ গ্রাম: আধুখালী,ইউপি: পলাশ-কে ১১,০০০/- টাকা করে সর্বমোট =৩৩,০০০/- | ০১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়: (ক) ফেব্রুয়ারি-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ =২,১৫,৪৫৮/-(দুই লক্ষ পনের হাজার চারশত আটান্ন) টাকার বিল অনুমোদন, (খ) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত জনতা বাজার ক্ষুদ্র দোকান মালিক জনাব কৃপেশ চন্দ্র দাশ পিতা: নৃপেন্দ্র দাশ গ্রাম: লালারগাও,ইউপি: পলাশ, জনাব হরেন্দ্র কুমার দাশ পিতা: হরিচরন দাশ গ্রাম: গোবিন্দ্র নগর,ইউপি: পলাশ, জনাব রুপেন্দ্র দেবনাথ পিতা: রামচন্দ্র দেবনাথ গ্রাম: আধুখালী,ইউপি: পলাশ-কে ১১,০০০/- টাকা করে | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | (তেত্রিশ হাজার টাকা), (গ) ব্যবস্থাপক,সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্বম্ভরপুর শাখার বিদায় ও বরণ অনুষ্ঠান বিল বাবদ =৭৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা, (ঘ) স্নেহলতা আবাসিক ভবনের সহকারী কমিশনার ভূমি মহোদয়ের বাসার সাব মার্সিবল নলকূপের লাইন সংযোগ এবং অন্যান্য ক্ষুদ্র মেরামত বাবদ =৪৪৭০/- (চার হাজার চারশত সত্তর টাকা),(ঙ) লেট আস লার্ন প্রকল্পের চেংবিল আনন্দধারা প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের বাথরুম নির্মাণ বাবদ=১১,০০০/- (এগার হাজার) টাকার ব্যয়িত বিল (চ) ৪৯তম জাতীয় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ ও ৫১তম জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর অতিরিক্ত ব্যয়িত =২৮,২৯২/- (আটাশ হাজার দুইশত বিরানব্বই) টাকার বিল অনুমোদনপূর্বক পরিশোধ (ছ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন বাবদ অগ্রীম =৬০,০০০/- (ষাট হাজার) টাকার বিল উত্তোলনের অনুমোদন প্রদানের জন্য প্রস্তাব করেন।<br><br>ঘ. বিশ্বম্ভরপুর তাহিরপুর ৩৩ কেভি লাইন চালু করনের নিমিত্ত ডালপালা কর্তন সংক্রান্ত : এজিএম (ওএন্ডএম), পল্লী বিদ্যুৎ সমিতি,বিশ্বম্ভরপুর সাব জোন,সুনামগঞ্জ জানান বিশ্বম্ভরপুর-তাহিরপুর ৩৩ কেভি লাইন (নতুন) আসন্ন ঝড়-বৃষ্টির আগে চালু করা প্রয়োজন। এতে করে দুটি উপজেলায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। ৩৩ কেভি লাইনটি চালু করার জন্য সুনামগঞ্জ আব্দুজ জহুর সেতু হতে চালবন পর্যন্ত ছোট-বড়-মাঝারী প্রায় ৬০টির অধিক গাছের ডালপালা কর্তন করা প্রয়োজন। ইতিমধ্যে সিলেট বন বিভাগের ডিএফও মহোদয় এবং বন কর্মকর্তা,সুনামগঞ্জ রেঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি জনগুরুত্বপূর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে বর্ণিত স্থানের ডালপালা কর্তন করার অনুমতি প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন।<br>গ. স্মার্ট কার্ড বিতরন প্রসঙ্গে: উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান ০৫-০৩-২০২৩ তারিখ বিশ্বম্ভরপুর উপজেলায় ৯০ হাজার স্মার্ট কার্ড বিতরন কার্যক্রম শুভ উদ্বোধন করা হবে। ০৬-০৩-২০২৩ তারিখ হতে ইউনিয়ন পর্যায়ে ৩টি ওয়ার্ডে ১টি করে বিতরন কেন্দ্র স্থাপন করে ১৫ জন ডাটা এন্ট্রি অপারেটর ও ৯জন হেলপার দ্বারা স্মার্ট কার্ড বিতরণ করা হবে। সকল ভোটারকে পুর্বের লেমিনেটেড কার্ড সাথে এনে স্মার্ট কার্ড সংগ্রহ করতে হবে। যদি কেহ পুর্বের লেমিনেটেড কার্ড হারিয়ে ফেলে তাহলে ৩৪৫ টাকা সোনালী ব্যাংকে চালানের মাধ্যমে জমা দিয়ে কার্ড সংগ্রহ করতে হবে। | সর্বমোট =৩৩,০০০/-(তেত্রিশ হাজার টাকা), (গ)ব্যবস্থাপক,সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্বম্ভরপুর শাখার বিদায় ও বরণ অনুষ্ঠান বিল বাবদ =৭৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা, (ঘ) স্নেহলতা আবাসিক ভবনের সহকারী কমিশনার ভূমি মহোদয়ের বাসার সাব মার্সিবল নলকূপের লাইন সংযোগ এবং অন্যান্য ক্ষুদ্র মেরামত বাবদ =৪৪৭০/- (চার হাজার চারশত সত্তর) টাকা, (ঙ) লেট আস লার্ন প্রকল্পের চেংবিল আনন্দধারা প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের বাথরুম নির্মাণ বাবদ=১১,০০০/- (এগার হাজার) টাকা (চ) ৪৯তম জাতীয় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ ও ৫১তম জাতীয় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর অতিরিক্ত ব্যয়িত =২৮,২৯২/- (আটাশ হাজার দুইশত বিরানব্বই) টাকার ব্যয়িত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত হয়;(ছ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে উদযাপন বাবদ অগ্রীম =৬০,০০০/- (ষাট হাজার) টাকার বিল উত্তোলনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ ব্যাপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। বিশ্বম্ভরপুর ও তাহিরপুর উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সুনামগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে বিশ্বম্ভরপুর উপজেলার পলাশ ইউনিয়নে অবস্থিত অত্র সংস্থার বিশ্বম্ভরপুর ৩৩/১১ কেভি ইনডোর বিদ্যুৎ উপকেন্দ্র পর্যন্ত নতুন নির্মিত ৩৩ কেভি লাইনটি চালু করার জন্য সুনামগঞ্জ আব্দুজ জহুর সেতু হতে চালবন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে ছোট-বড়-মাঝারী প্রায় ৬০টির অধিক গাছের ডালপালা কর্তন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জিএম,পল্লী বিদ্যুৎ সমিতি,সুনামগঞ্জ এবং বন কর্মকর্তা,সুনামগঞ্জ রেঞ্জ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০৩। ০৫-০৩-২০২৩ তারিখ হতে বিশ্বম্ভরপুর উপজেলায় ৯০ হাজার স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠান এবং ০৬-০৩-২০২৩ তারিখ হতে ইউনিয়ন পর্যায়ে ৩টি ওয়ার্ডে ১টি করে বিতরন কেন্দ্র স্থাপন করে ১৫ জন ডাটা এন্ট্রি অপারেটর ও ৯জন হেলপার দ্বারা স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করা হয়; যারা পুর্বের লেমিনেটেড কার্ড হারিয়ে ফেলেছেন তাদের নিকট হতে বিতরন কেন্দ্রে রেজিষ্টার মেইনটেইন করে নগদ ৩৪৫টাকা জমা নিয়ে স্মার্ট কার্ড প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১-
তারিখ: ০১-০৩-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ২২৭, সুনামগঞ্জ-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৮। উপজেলা.................................................. কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, সলুকাবাদ, পলাশ, ধনপুর, বাদাঘাট দ:, ফতেপুর, ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১১। জনাব.................................................................।
১২। অফিস কপি।

(মো: সাদি উর রহিম জাদিদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

২৭-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

পরিশিষ্ট 'ক'

| ক্রনং | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| ২ | জনাব মাহফুজা আক্তার হীনা, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| ৩ | জনাব মো: তাজুত খান, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী,চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ এর প্রতিনিধি |
| ৫ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান,পলাশ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব মো: মিলন মিয়া, চেয়ারম্যান,ধনপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ এর প্রতিনিধি |
| ৭ | জনাব এডঃ মো: ছবাব মিয়া,চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ এর প্রতিনিধি |
| ৮ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রনং | নাম/পদবি |
|---|---|
| ১ | |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রনং | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সাদি উর রহিম জাদিদ,উপজেলা নির্বাহী অফিসার,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | জনাব ডা: আব্দুল্লা হেল মারুফ ফারুকী,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ এর প্রতিনিধি |
| ৩ | জনাব ডা: আ.ন.ম সালাহউদ্দিন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | জনাব মো: নয়ন মিয়া উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | জনাব কৌশিক সরকার,উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব মো: কামরুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৭ | জনাব সঞ্জীব দাস, ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৮ | জনাব মো: মাহমুদুল হাসান, উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৯ | জনাব মোহাম্মদ আবদুর রহমান,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১০ | জনাব মো: কামরান হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১১ | জনাব মো: আরিফ হাসান,এজিএম,পল্লী বিদ্যুত সমিতি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১২ | জনাব মো: শফিকুল ইসলাম, পিআইও, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৩ | জনাব উত্তম কুমার রায়, উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৪ | জনাব এসএম মাহবুবুর রশিদ,উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মো: ইকরামুল হোসেন,উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৬ | জনাব মৃদুল কান্তি সরকার, উপ: স: জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রনং | নাম/পদবি |
|---|---|
| ১ | বিআরডিবি কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৯-০৩-২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : জুম সভা

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগন কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা-কে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত (প্রকৌশল বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান।<br>উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হিসাব নং: ৫২৯ অর্থায়নের মাধ্যমে আরএফকিউ পদ্ধতিতে বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০৬টি সাব-মার্সিবল নলকূপ স্থাপন বাবদ =৮,৬২,৭৪৮/- টাকার প্রাক্কলন এবং বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০৩টি সাব-মার্সিবল নলকূপ স্থাপন বাবদ =৫,৩৭,২৫১/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। সর্বমোট =১৩,৯৯,৯৯৯/- টাকার প্রাক্কলন মোতাবেক ৬+৩= ৯টি সাব-মার্সিবল নলকূপ স্থাপনের বিষয়ে পদক্ষেপ গ্রহণের সভায় প্রস্তাব করেন। | ০১। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে অনুমোদিত প্রকল্পসমূহের ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কার্যক্রম দ্রুততর সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হিসাব নং: ৫২৯ অর্থায়নের মাধ্যমে আরএফকিউ পদ্ধতিতে বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০৬টি সাব-মার্সিবল নলকূপ স্থাপন বাবদ =৮,৬২,৭৪৮/- টাকার প্রাক্কলন এবং বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০৩টি সাব-মার্সিবল নলকূপ স্থাপন বাবদ =৫,৩৭,২৫১/- টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত =৮,৬২,৭৪৮/-+ =৫,৩৭,২৫১/- সর্বমোট =১৩,৯৯,৯৯৯/- টাকার প্রাক্কলন মোতাবেক ৬+৩= ৯টি সাব-মার্সিবল নলকূপ স্থাপনের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান কোভিড-১৯ এর ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান চালু আছে। সংশ্লিষ্ট সকলকে টিকা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো জানান হাসপাতালের অপারেশন থিয়েটারে সিজারিয়ান অপারেশন চালু হয়েছে; জেনালে সার্জারী প্রক্রিয়াধীন। | ০১। কোভিড-১৯ এর ৪র্থ ডোজের টিকা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন করাসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। হাসপাতালের অপারেশন থিয়েটারের চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়; অপারেশন কার্যক্রম নিয়মিতভাবে চালু রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, হাওর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধানের বীজ তলায় রোগ ও পোকা মাকড়ের প্রাদুর্ভাব নেই। মোট বীজতলা ৫২৫ হেক্টর। হাওরে বোরো ধান রোপন করা হয়েছে ৭০২৫ হেক্টর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধান রোপন ৩০৫৫ হেক্টর।<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষে অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়; পরিকল্পনার অংশ হিসেবে অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা বিশ্বম্ভরপুর। |
| উপজেলা মৎস্য ও প্রানীসম্পদ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম চলমান। মৎস্য আইন বাস্তবায়নে অভিযান চলমান রয়েছে। সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্ট মৎস্য প্রযুক্তি সরবরাহের মাধ্যমে মৎস্যজীবিদের নতুন মৎস্য প্রযুক্তি সরবরাহ চলমান। | মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম ,মৎস্য আইন বাস্তবায়নে অভিযান পরিচালনা,সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্ট মৎস্য প্রযুক্তি সরবরাহ কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে বিভিন্ন প্রজাতীর গবাদি প্রানীর চিকিৎসা করানো হয়। দপ্তরের সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব করেন। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী |
| উপজেলা পরিবার পরিকল্পনা সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ২৯,৯৭৭ জন সক্ষম দম্পতি,পদ্ধতি গ্রহণকারী ২৩,১১৩ জন, হার ৭৭.১০%। তিনি আরো জানান নবদম্পত্তিদের জন্য ইনফরমেশন বক্স প্রদান চালু হয়েছে। | মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী,অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্পের কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্পের কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার | উপজেলা শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত | নতুন ৩৫ জন সহকারী শিক্ষক যোগদান করেছেন মোট শিক্ষক ৪৪০জন;<br>তিনি আরো জানান অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে প্রস্তাব করেন। | জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | অফিসার<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |
| উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজকল্যান সংক্রান্ত<br>ও<br>উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা ও কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার সার্বিক কার্যক্রম চলমান;প্রতিবন্ধি ভাতা ও শিক্ষা উপবৃত্তি শতভাগ করা হয়েছে;প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ চলমান।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা এবং কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ কার্যক্রমটি নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপের স্থাপন কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপ স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব ও ক্রীড়া সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। , | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ করা হচ্ছেনা। তিনি আরো জানান বিগত মাসে ৩০ লক্ষ টাকা ঋণ আদায় এবং ২৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখা এবং আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ না করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর<br>ও<br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউডিসি উদ্যোক্তা |
| বিবিধ | | | |

| | | | |
|---|---|---|---|
| | ক. হাট বাজার তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ সংক্রান্ত। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা হাট-বাজার তহবিল ১৫% অর্থায়নে শক্তিয়ারখলা বাজারে যাত্রী ছাউনী এবং মহিলা মার্কেট নির্মাণ করার প্রস্তাব করেন। এছাড়াও উপজেলা হাট-বাজার তহবিল ১৫% অর্থায়নে বাদাঘাট দঃ ইউনিয়ন পরিষদের সম্মুখে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তায় মাটি ভরাট ও প্যালাসাইডিং করার প্রস্তাব করেন।<br><br>কারেন্টের বাজার গরুর হাটে মাটি ভরাট বাবদ ৬০,০০০/- টাকার বিল পাওয়ার জন্য ইজারাদার জনাব এমদাদুল হক আবেদন করেন। আবেদনকৃত বিল পরিশোধের জন্য তিনি প্রস্তাব করেন। | ০১। উপজেলা হাট-বাজার তহবিল ১৫% অর্থায়নে শক্তিয়ারখলা বাজারে যাত্রী ছাউনী এবং মহিলা মার্কেট নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এছাড়াও উপজেলা হাট-বাজার তহবিল ১৫% অর্থায়নে বাদাঘাট দঃ ইউনিয়ন পরিষদের সম্মুখে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তায় মাটি ভরাট ও প্যালাসাইডিং (৪ লক্ষ টাকায় ২টি পিআইসি) করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। কারেন্টের বাজার গরুর হাটে মাটি ভরাট বাবদ ৬০,০০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিল উপজেলা হাট বাজার তহবিল ১৫% অর্থায়নের খাত হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর ও উপজেলা প্রকৌশলী |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ৯০

তারিখ: ৩০-০৩-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.................................................. কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.................................................................।
১২। অফিস কপি।

(মোঃ সাদি উর রহিম জাদিদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

মুজিব১০০
শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ১৭-০৪-২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় জানান উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | জুয়ার আড্ডা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত (প্রকৌশল বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br><br>মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ সংস্কার করার প্রস্তাব করেন। | ০১। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি (জিওবি অংশের) অর্থায়নে অনুমোদিত প্রকল্পসমূহের ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন কার্যক্রম দ্রুততর সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী সভায় গুলগাও-তেলিকোনা-মৌয়াকুড়া রাস্তার অবশিষ্ট ১৬ মিটার প্যালাসাইডিং ও মাটি ভরাট করে রাস্তাটি চলাচল উপযোগী করা হয়। রাস্তা মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৪০,০০০/- পরিশোধ করার প্রস্তাব করেন। এছাড়াও উপজেলা কৃষি অফিসে বাথরুম নির্মাণ করা হয়। বাথরুম নির্মাণ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৫০,০০০/- পরিশোধ করার প্রস্তাব করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন,রেস্ট হাউস অবকাশ ভবন এবং অফিসার্স ক্লাব মেরামত করার প্রস্তাব করেন; এবং উপজেলার বিভিন্ন বাজারে নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করার প্রস্তাব করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন অফিস সরঞ্জাম ক্রয়,আসবাবপত্র ক্রয় এবং রাত্রিকালীন নিরাপত্তার জন্য নিরাপত্তা ছাউনী নির্মানের করার প্রস্তাব করেন। | ০২। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ সংস্কার করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য ৪ লক্ষ টাকায় ২টি পিআইসি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০৩। গুলগাও-তেলিকোনা-মৌয়াকুড়া রাস্তার অবশিষ্ট ১৬ মিটার প্যালাসাইডিং ও মাটি ভরাট বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৪০,০০০/- টাকা এবং উপজেলা কৃষি অফিসে বাথরুম নির্মাণ বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৫০,০০০/- পরিশোধ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য ২,৯০,০০০/- টাকায় ২টি পিআইসি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন,রেস্ট হাউস অবকাশ ভবন এবং অফিসার্স ক্লাব মেরামত করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। আরএফকিউ পদ্ধতিতে ৭,০০০০০/- টাকায় বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এছাড়াও উপজেলার বিভিন্ন বাজারে নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য ৩,০০০০০/- টাকায় ২টি পিআইসি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন অফিস সরঞ্জাম ক্রয়,আসবাবপত্র ক্রয় এবং রাত্রিকালীন নিরাপত্তার জন্য নিরাপত্তা ছাউনী নির্মানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। আরএফকিউ পদ্ধতিতে ৭,০০০০০/- টাকায় বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান কোভিড-১৯ এর ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান চালু আছে। সংশ্লিষ্ট সকলকে টিকা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br><br>তিনি আরো জানান হাসপাতালের অপারেশন থিয়েটারে সিজারিয়ান অপারেশন চালু হয়েছে; জেনালে সার্জারী প্রক্রিয়াধীন। | ০১। কোভিড-১৯ এর ৪র্থ ডোজের টিকা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন করাসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>০২। হাসপাতালের অপারেশন থিয়েটারের চিকিৎসার সরঞ্জাম সরবরাহ করায় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়; অপারেশন কার্যক্রম নিয়মিতভাবে চালু রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, হাওর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধানের বীজ তলায় রোগ ও পোকা মাকড়ের প্রাদুর্ভাব নেই। মোট বীজতলা ৫২৫ হেক্টর। হাওরে বোরো ধান রোপন করা হয়েছে ৭০২৫ হেক্টর ও হাওর বহির্ভূত এলাকায় বোরো ধান রোপন ৩০৫৫ হেক্টর।<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি সভায় ভাদেরটেক খরচার হাওরে কৃষকদের বোরো ধান কর্তনের পরে পরিবহনের জন্য যোগেশের কাড়া ও রশিদের কাড়া জরুরী ভিত্তিতে খননের বিষয়ে মতামত দেন। | ০১। জাতীয় স্বার্থে 'কৃষি জমি সুরক্ষা আইন' যথাযথভাবে বাস্তবায়নের জন্য জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষে অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়; জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০০০০/- টাকা আর্থিক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। ভাদেরটেক খরচার হাওরে কৃষকদের বোরো ধান কর্তনের পরে পরিবহনের জন্য যোগেশের কাড়া ও রশিদের কাড়া জরুরী ভিত্তিতে খননের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০০০০/- টাকা আর্থিক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা বিশ্বম্ভরপুর। |
| উপজেলা মৎস্য ও প্রানীসম্পদ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম চলমান। মৎস্য আইন বাস্তবায়নে অভিযান চলমান রয়েছে। সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্স মৎস্য প্রযুক্তি সরবরাহের মাধ্যমে মৎস্যজীবিদের নতুন মৎস্য প্রযুক্তি সরবরাহ চলমান। | মৎস্যজীবিদের ডুপ্লিকেট এফআইডি কার্ড যাচাই বাছাই কার্যক্রম ,মৎস্য আইন বাস্তবায়নে অভিযান পরিচালনা ,সোনাপুর,স্বরুপগঞ্জসহ বিভিন্ন স্থানে ডেমো পুকুরের মাধ্যমে কৃষকদের ক্লাইমেট রেজিলেন্স মৎস্য প্রযুক্তি সরবরাহ কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে বিভিন্ন প্রজাতীর গবাদি প্রানীর চিকিৎসা করানো হয়। দপ্তরের সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব করেন। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রানীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রানীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী |
| উপজেলা পরিবার পরিকল্পনা সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ২৯,৯৭৭ জন সক্ষম দম্পতি,পদ্ধতি গ্রহণকারী ২৩,১১৩ জন, হার ৭৭.১০%। তিনি আরো জানান নবদম্পত্তিদের জন্য ইনফরমেশন বক্স প্রদান চালু হয়েছে। | মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী,অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারনকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্পের কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে টিআর ও কাবিটা কাবিখা'র ২য় কিস্তিতে অনুমোদিত প্রকল্পের কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান নতুন ৩৫ জন সহকারী শিক্ষক যোগদান করেছেন মোট শিক্ষক ৪৪০জন;<br>তিনি আরো জানান অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। অনাবাদি জমি আবাদের আওতায় আনার পরিকল্পনার অংশ হিসেবে শিক্ষক/কর্মচারী সমন্বয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি | উপজেলা শিক্ষা অফিসার<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যালয়ের অনাবাদি জমি আবাদের আওতায় আনার বিষয়ে প্রস্তাব করেন। | আবাদের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজকল্যান সংক্রান্ত ও উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা ও কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার সার্বিক কার্যক্রম চলমান;প্রতিবন্ধি ভাতা ও শিক্ষা উপবৃত্তি শতভাগ করা হয়েছে;প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ চলমান।<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | রোগী কল্যান সমিতির সেবা পরিধি বৃদ্ধির লক্ষ্যে অসহায় রোগীদের ব্লাড ট্রান্সফিউশন ও আর্থিক সহায়তা এবং কুষ্ঠ রোগীদের জন্য বিশেষ উদ্যোগ কার্যক্রমটি নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপের স্থাপন কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপ স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব ও ক্রীড়া সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেঃটন চালের মার্চ-২০২৩ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় নারীর প্রতি সহিংতা বন্ধ,বাল্য বিবাহ ও যৌতুক রোধ,মহিলাদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষে উঠান বৈঠক ও মহিলা সমাবেশ আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | নারীর প্রতি সহিংতা বন্ধ,বাল্য বিবাহ ও যৌতুক রোধ,মহিলাদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষে উঠান বৈঠক ও মহিলা সমাবেশ আয়োজনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋন বিতরন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ করা হচ্ছেনা। তিনি আরো জানান বিগত মাসে ৩০ লক্ষ টাকা ঋণ আদায় এবং ২৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখা এবং আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ না করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি উদ্যোক্তা |

| | বিবিধ | | |
|---|---|---|---|
| | ক. হাট বাজার তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা হাট-বাজার তহবিল ১০% ও ১৫% অর্থায়নে পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রস্তাব করেন; এছাড়াও ২০২২-২৩ অর্থ বছরের বিবিধ তহবিলের (নৌকা ঘাটের তহবিলের স্থানান্তরিত অর্থ) অর্থায়নে হাওর বিলাশের পার্শ্বে পূর্বতন নৌকাঘাটে ফ্লটিং ব্রীজ নির্মান করার প্রস্তাব করেন। | ০১। উপজেলা হাট-বাজার তহবিল ১০% ও ১৫% অর্থায়নে পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এছাড়াও ২০২২-২৩ অর্থ বছরের বিবিধ তহবিলের (নৌকা ঘাটের তহবিলের স্থানান্তরিত অর্থ) অর্থায়নে ৫ লক্ষ টাকায় ( ২লক্ষ টাকায় ২টি, ১লক্ষ টাকায় ১টি পিআইসি) হাওর বিলাশের পার্শ্বে পূর্বতন নৌকাঘাটে ফ্লটিং ব্রীজ নির্মান করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর ও উপজেলা প্রকৌশলী |
| | খ. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার সভায় মার্চ-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল,বাথরুমের ট্যাংকি পরিষ্কার,ব্যানার তৈরি বাবদ সর্বমোট =২,১৮,৬৯৯/ -(দুই লক্ষ আঠার হাজার ছয়শত নিরানব্বই) টাকা,উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গ্লাসসহ টেবিলে সিলভার পাতের বাধাঁই বাবদ = ১৭,০০০/- (সতের হাজার)টাকা,উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে সাব মার্সিবল নলকূপের পানির লাইন সংযোগ ও মেরামত বাবদ = ৯০০০/- (নয় হাজার)টাকা, পাহাড়ীকা আবাসিক ভবনের টয়লেট সংস্কার বাবদ = ১২,২০০/- (বারো হাজার দুইশত) টাকা,অফিস সরঞ্জামাদি (ফটোকপি মেশিন,কম্পিউটার) রক্ষণাবেক্ষণ ও মেরামত বাবদ =৫০,০০০/- (পঞ্চাশ হাজার)টাকা, বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ড নিয়ে তথ্যচিত্র প্রকাশনা বিল বাবদ ১,০০০০০/- (এক লক্ষ) টাকা, পল্লী সঞ্চয় ব্যাংকের গাইডওয়াল নির্মাণ বিল বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জীপ গাড়ি মেরামত বাবদ ১,০০০০০/-(এক লক্ষ) টাকার বাছিত বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য প্রস্তাব করেন। | ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়, মার্চ-২০২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মাসের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল,বাথরুমের ট্যাংকি পরিষ্কার,ব্যানার তৈরি বাবদ সর্বমোট =২,১৮,৬৯৯/ -(দুই লক্ষ আঠার হাজার ছয়শত নিরানব্বই) টাকা,উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গ্লাসসহ টেবিলে সিলভার পাতের বাধাঁই বাবদ = ১৭,০০০/- (সতের হাজার)টাকা,উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে সাব মার্সিবল নলকূপের পানির লাইন সংযোগ ও মেরামত বাবদ = ৯০০০/- (নয় হাজার)টাকা, পাহাড়ীকা আবাসিক ভবনের টয়লেট সংস্কার বাবদ = ১২,২০০/- (বারো হাজার দুইশত) টাকা,অফিস সরঞ্জামাদি (ফটোকপি মেশিন,কম্পিউটার) রক্ষণাবেক্ষণ ও মেরামত বাবদ =৫০,০০০/- (পঞ্চাশ হাজার)টাকা, বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ড নিয়ে তথ্যচিত্র প্রকাশনা বিল বাবদ ১,০০০০০/- (এক লক্ষ) টাকা, পল্লী সঞ্চয় ব্যাংকের গাইডওয়াল নির্মাণ বিল বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের জীপ গাড়ি মেরামত বাবদ ১,০০০০০/-(এক লক্ষ) টাকার বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | গ. উপজেলা পরিষদের বিদ্যুত বিল পরিশোধ প্রসঙ্গে: এজিএম (ওএন্ডএম),পল্লী বিদ্যুত সমিতি,বিশ্বম্ভরপুর সাব-স্টেশন সভায় উপজেলা পরিষদের বকেয়া সমুদয় বিদ্যুত বিল পরিশোধ করার প্রস্তাব করেন। তিনি আরো জানান বকেয়া বিদ্যুত বিল পরিশোধ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে বারবার তাগিদ দেয়া হচ্ছে। | ০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের বকেয়া সমুদয় বিদ্যুত বিল পরিশোধ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | ঘ. উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বহিঃ বাংলাদেশ ছুটি অনুমোদন এবং ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-০১-কে আর্থিক ক্ষমতা অর্পণ: উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মো: সফর উদ্দিন সভায় | | |

| | | | |
|---|---|---|---|
| | জানান তিনি পবিত্র হজ্ব পালন করার নিমিত্ত আগামী ০৩-০৬-২০২৩ তারিখ হতে ১২-০৭-২০২৩ তারিখ পর্যন্ত মোট ৪০ (চল্লিশ) দিন বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ করবেন; যথাযথ কর্তৃপক্ষ বরাবর বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করবেন। তাঁর ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা,২০১০ এর বিধি ১৫ অনুযায়ী বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-০১ মাহফুজা আক্তার রীনা-কে উপজেলা পরিষদ চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা অর্পণ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সফর উদ্দিন এর পবিত্র হজ্ব পালন করার নিমিত্ত আগামী ০৩-০৬-২০২৩ তারিখ হতে ১২-০৭-২০২৩ তারিখ পর্যন্ত মোট ৪০ (চল্লিশ) দিন বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়; তাঁর ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা,২০১০ এর বিধি ১৫ অনুযায়ী বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-০১ মাহফুজা আক্তার রীনা-কে উপজেলা পরিষদ চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা অর্পণ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৪/২৩

(মোঃ সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ১৬

তারিখ: ১৮-০৪-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.............................................. কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.................................................................।
১২। অফিস কপি।

১৮/৪/২৩

(মোঃ সাদি উর রহিম জাদিদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

।। উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ।।

পরিশিষ্ট 'খ'

| ক্রঃনং | প্রকল্পের নাম | মোট বরাদ্দ | খাতের নাম | বাস্তবায়ন পদ্ধতি/মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বিশ্বম্ভরপুর বাজার বর্ধিতকরনে ৬টি দোকান কোঠা নির্মাণ | ১৮ লক্ষ | ১৫% | আরএফকিউ |
| ২ | শক্তিয়ারখলা বাজারে যাত্রী ছাউনী এবং মহিলা মার্কেট নির্মাণ | ১৫ লক্ষ | ১০% | আরএফকিউ |
| ৩ | করেন্টের বাজারে মাটি ভরাট | ২ লক্ষ | ১৫% | পিআইসি |
| ৪ | চিনাকান্দি বাজারের গরুর হাটে রাস্তা পাকাকরণ অংশঃ ১ | ২ লক্ষ | ১০% | পিআইসি |
| ৫ | চিনাকান্দি বাজারের গরুর হাটে রাস্তা পাকাকরন অংশঃ ২ | ২ লক্ষ | ১০% | পিআইসি |
| ৬ | মধুরকান্দি বাজার সৌন্দর্যবর্ধন ও ফিশ শেড নির্মান | ১০ লক্ষ | ১০% | আরএফকিউ |

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

(উপজেলা পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী)

সভাপতিঃ জনাব মাহফুজা আক্তার রীনা,প্যানেল চেয়ারম্যান-০১,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ (জুম মাধ্যম)।

সভার তারিখ ও সময়ঃ ০৮-০৬-২০২৩ খ্রিঃ বেলাঃ ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের বিশেষ সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত ও অনুমোদিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের মে-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগন কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের মে-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| পবিত্র ঈদ উল আজহা-২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট স্থাপন | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে অন্যান্য বছরের ন্যায় এ বছরও জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদন গ্রহণপূর্বক পবিত্র ঈদ উল আজহা-২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট স্থাপনের বিষয়ে মতামত ব্যক্ত করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান পলাশ বাজার, ধনপুর বাজার,শক্তিয়ারখলা বাজার,সংগ্রামপুর বাজার,জিনারপুর বাজার,মধুরকান্দি বাজার,বিশ্বম্ভরপুর বাজারসহ মোট ০৭ টি বাজারে অস্থায়ী পশুর হাট স্থাপনের আবেদন পাওয়া যায়। ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তাগণের প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে উন্মুক্ত জায়গা না থাকা,বর্জ্য ব্যবস্থাপনা না থাকা এবং প্রবেশ ও বাহিরের উপযুক্ত রাস্তা না থাকা এবং যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় বিশ্বম্ভরপুর বাজার ব্যতীত পলাশ বাজার, ধনপুর বাজার,শক্তিয়ারখলা বাজার,সংগ্রামপুর বাজার,জিনারপুর বাজার,মধুরকান্দি বাজার, মোট ০৬ টি বাজারে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদন গ্রহণপূর্বক অস্থায়ী পশুর হাট স্থাপনের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ০১। উপজেলা পরিষদের রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদন গ্রহণপূর্বক পলাশ বাজার,ধনপুর বাজার,শক্তিয়ারখলা বাজার,সংগ্রামপুর বাজার,জিনারপুর বাজার,মধুরকান্দি বাজারসহ মোট ০৬ টি বাজারে অস্থায়ী পশুর হাট স্থাপনের আবেদনগুলো সর্বসম্মতভাবে গৃহিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হয়।<br><br>০২। উন্মুক্ত জায়গা না থাকা,বর্জ্য ব্যবস্থাপনা না থাকা এবং প্রবেশ ও বাহিরের উপযুক্ত রাস্তা না থাকা এবং যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় বিশ্বম্ভরপুর বাজারে অস্থায়ী পশুর হাট স্থাপনের আবেদন বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ,খেলার মাঠ,সড়ক/মহাসড়কের সন্নিকটে এবং জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন জনগুরুত্বপূর্ণ স্থানে পবিত্র ঈদ উল আজহা ২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট না বসানোর বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়। | ক. উপজেলা নির্বাহী অফিসার<br><br>খ. অফিসার ইনচার্জ বিশ্বম্ভরপুর থানা<br><br>গ.ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বিশেষ বরাদ্দের প্রকল্প অনুমোদন | উপজেলা প্রকৌশলী সভায় ২৮ মে ২০২৩ তারিখের স্থানীয় সরকার বিভাগ,উপজেলা -২ শাখার ৪৯৬ নং স্মারকে ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বিশেষ বরাদ্দের আলোকে জনাব পীর ফজলুর রহমান মিসবাহ,মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয় কর্তৃক প্রদত্ত প্রকল্পসমূহ পরিশিষ্ট 'খ'তে সংযুক্ত অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ২৮ মে ২০২৩ তারিখের স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখার ৪৯৬ নং স্মারকে বরাদ্দপ্রাপ্ত ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বিশেষ বরাদ্দের প্রকল্পসমূহ পরিশিষ্ট 'খ'তে সংযুক্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়। | ক. উপজেলা নির্বাহী অফিসার<br><br>খ. উপজেলা প্রকৌশলী |
| বিবিধ | | | |
| | ০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান উপজেলা পরিষদের পুরাতন টিনশেড ভবনে উপজেলা প্রেসক্লাব এর দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হত। উপজেলা পরিষদের পুরাতন টিনশেড ভবন ভাঙ্গার কারনে উপজেলা প্রেসক্লাব এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা হচ্ছে। উপজেলা শিল্পকলা একাডেমির সেমিপাকা ভবনে উপজেলা প্রেসক্লাব এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় (ক) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান এর জুন-২০২৩ মাসের সম্মানী ভাতা বিল, উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের জুন-২০২৩ মাসের মজুরী বিল ও পবিত্র ঈদুল আজহার উৎসব ভাতা বিল, জুন-২০২৩ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ ১,৬৭,৪৫৮/-, (খ) রাজনগর-তেলিকোনা রাস্তা মেরামত বাবদ =৫০,০০০/-,(গ) নৌ-এম্বুলেন্স মেরামত বাবদ ৩৫০০/-, (ঘ) সদুকাবাদ ইউনিয়নের চালবন হতে ভাদেরটেক রাস্তায় বালি ভরাট বাবদ ৫০,০০০/- টাকা,(ঙ) সদুকাবাদ ইউনিয়নের চালবন হতে ভাদেরটেক রাস্তার ব্রীজের এপ্রোচ সংস্কার ৫০,০০০/- টাকা, (চ) উপজেলা পরিষদের অভ্যন্তরে কোয়ার্টারের বৈদ্যুতিক লাইন সংস্কার বাবদ ২৩,৩৪০/-, (ছ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ৩৫০০/-, (জ) উপজেলা পরিষদের টোনার ক্রয় বাবদ ৩৫০০/- (ঝ) পাহাড়ীকা নীচতলা পশ্চিম অংশ মেরামত বাবদ ৬০,০০০/- (ঞ) রতারগাও স্কুল-আদাং রাস্তা মেরামত বাবদ ১,০০০০০/- (ট) দিগন্ত আবাসিক ভবন মেরামত বাবদ= ৩৫০০/- (ঠ) ডরমেটরি ভবনে ০১টি পানির পাম্প ও ০২টি ফ্যান ক্রয় বাবদ ১৯,৫০০/- টাকার বাস্তিত বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য প্রস্তাব করেন। | ০১। উপজেলা শিল্পকলা একাডেমির সেমিপাকা ভবনে উপজেলা প্রেসক্লাব এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার -কে অনুরোধ করা হয়।<br><br>০২। (ক) (ক) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান এর জুন-২০২৩ মাসের সম্মানী ভাতা বিল, উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের জুন-২০২৩ মাসের মজুরী বিল ও পবিত্র ঈদুল আজহার উৎসব ভাতা বিল, জুন-২০২৩ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বাবদ ১,৬৭,৪৫৮/-, (খ) রাজনগর-তেলিকোনা রাস্তা মেরামত বাবদ =৫০,০০০/-,(গ) নৌ-এম্বুলেন্স মেরামত বাবদ ৩৫০০/-, (ঘ) সদুকাবাদ ইউনিয়নের চালবন হতে ভাদেরটেক রাস্তায় বালি ভরাট বাবদ ৫০,০০০/- টাকা,(ঙ) সদুকাবাদ ইউনিয়নের চালবন হতে ভাদেরটেক রাস্তার ব্রীজের এপ্রোচ সংস্কার ৫০,০০০/- টাকা, (চ) উপজেলা পরিষদের অভ্যন্তরে কোয়ার্টারের বৈদ্যুতিক লাইন সংস্কার বাবদ ২৩,৩৪০/-, (ছ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ৩৫০০/-, (জ) উপজেলা পরিষদের টোনার ক্রয় বাবদ ৩৫০০/- (ঝ) পাহাড়ীকা নীচতলা পশ্চিম অংশ মেরামত বাবদ ৬০,০০০/- (ঞ) রতারগাও স্কুল-আদাং রাস্তা মেরামত বাবদ ১,০০০০০/- (ট) দিগন্ত আবাসিক ভবন মেরামত বাবদ= ৩৫০০/- (ঠ) ডরমেটরি ভবনে ০১টি পানির পাম্প ও ০২টি ফ্যান ক্রয় বাবদ ১৯,৫০০/- টাকার বাস্তিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; অনুমোদিত বিলসমূহ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ক. উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪.০৬.২৩

(মাহফুজা আক্তার রীনা)
প্যানেল চেয়ারম্যান-০১
উপজেলা পরিষদ

স্মারক নং-৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০২১.১৯- ২২ তারিখঃ ০৮-০৬-২০২৩ খ্রি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ২২৭, সুনামগঞ্জ-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৮। উপজেলা............................................ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, সলুকাবাদ, পলাশ, ধনপুর, বাদাঘাট দঃ, ফতেপুর, ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১১। জনাব.................................................................. ।
১২। অফিস কপি।

(মোঃ সাদি উর রহিম জাদিদ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।